দৈনিক
ইত্তেফাক

তারিখ 31 MAR 2009
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষাক্রম সংস্কারে বিশেষজ্ঞ কমিটি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষাক্রম সংস্কারে বিশেষ উদ্যোগ নিচ্ছে সরকার। এ লক্ষ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে। শিক্ষাক্রম সংস্কার ছাড়াও এ কমিটি পাঠ্যপুস্তকের জন্য কাগজ সংগ্রহ, পাঠ্যপুস্তক মুদ্রণ, পাঠ্যপুস্তকের গুণগত মান বৃদ্ধি, পাঠ্যপুস্তকের বাজারজাতকরণ এবং যথাসময়ে শিক্ষার্থীদের নিকট পৌঁছানোর লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবে। শিক্ষাক্রম সংস্কারসহ সকল কাজে শিক্ষক, শিক্ষাবিদ, অভিভাবক, সংস্কৃতিসেবী, সাংবাদিকসহ সমাজের সর্বস্তরের জনগণের কাছ থেকে মতামত গ্রহণ করা হবে। আগামী ১০ এপ্রিলের মধ্যে মতামত প্রদানে আগ্রহীদের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যানের বরাবর যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়েছে।